দৈনিক ইত্তেফাক

DEC. 08 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃঃ ১ : কলাম ১-৩......

# শিক্ষক সংকটের কবলে চট্টগ্রামের দেড় হাজার প্রাথমিক স্কুল

-- সৈয়দ আবদুল ওয়াজেদ, চট্টগ্রাম অফিস ॥ চট্টগ্রাম জেলার প্রায় দেড় হাজারেরও বেশী প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক সংকট একটি স্থায়ী সমস্যার রূপ ধারণ করতে চলেছে। প্রতিবছর প্রাথমিক

(২য় পৃষ্ঠায় ৭-এর কঃ দ্রঃ)

## শিক্ষক সংকটের কবলে

(প্রথম পৃষ্ঠার পর)

শিক্ষকদের অবসর গ্রহণ প্রক্রিয়ার তুলনায় শিক্ষক নিয়োগ প্রক্রিয়ায় ধীরগতিই এই সংকট ক্রমে জটিলতর করে তুলেছে বলে সংশ্লিষ্ট সূত্রগুলো থেকে মন্তব্য করা হয়েছে। এ পরিস্থিতি অব্যাহত থাকলে চট্টগ্রাম জেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের প্রায় সাড়ে ৮ লাখ ছাত্রছাত্রীর শিক্ষা কার্যক্রম খুব শিগগিরই সংকটগ্রস্ত হবে বলে আশংকা করা হচ্ছে।

চট্টগ্রাম জেলা প্রাথমিক শিক্ষা অফিসের একটি নির্ভরযোগ্য সূত্র উপরোক্ত সংকটের সত্যতা স্বীকার করে জানান, বর্তমানে চট্টগ্রাম জেলায় ১ হাজার ৬৩৪টি বিদ্যালয়ে ৪১৯টি শিক্ষকের পদ খালি রয়েছে। সূত্রটি জানায়, প্রয়োজনীয় সংখ্যক শিক্ষকের অভাবে নিয়মিত পাঠদান থেকে শুরু করে পরীক্ষা নেয়ার বিষয়টি ক্রমেই বিভিন্ন বিদ্যালয়ে বেশ দুরূহ হয়ে উঠেছে। নগরীর বাইরে শিক্ষক সংকটের শিকার বিদ্যালয়গুলোকে নিয়ে সবচেয়ে বেশী দুর্ভোগ পোহাতে হচ্ছে বলেও সূত্রটি মন্তব্য করেন।